# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২০১২

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ আমরা যে তাহমীদ, তাসবীহ ও তাকবীরের কথা বর্ণনা করলাম, তার শেষে আল্লাহর একত্ববাদের সাক্ষ্য দিবে, যাতে ১০০ সংখ্যা পূর্ণ হয়

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ التَّسْبِيحَ وَالتَّحْمِيدَ وَالتَّكْبِيرَ الَّذِي وَصَفْنَا هُوَ أَنْ يَخْتِمَ آخِرَهَا بِالشَّهَادَةِ لِلَّهِ بالوحدانية ليكون تمام المئة

---

আরবী

2012 ـ أَخْبَرَنَا ابْنُ سَلْمٍ حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: حَدَّثَنَا الْوَلِيدُ قَالَ: حَدَّثَنَا الْأَوْزَاعِيُّ حَدَّثَنَا حَسَّانُ بْنُ عَطِيَّةَ حَدَّثَنِي مُحَمَّدُ بْنُ أَبِي عَائِشَةَ قَالَ: حَدَّثَنِي أَبُو هُرَيْرَةَ قَالَ: قَالَ أَبُو ذَرٍّ: يَا رَسُولَ اللَّهِ ذَهَبَ أَصْحَابُ الدُّثُورِ بِالْأَجْرِ يُصَلُّونَ كَمَا نُصَلِّي وَيَصُومُونَ كَمَا نَصُومُ وَلَهُمْ فُضُولُ أَمْوَالٍ يَتَصَدَّقُونَ بِهَا فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ:
(يَا أَبَا ذَرٍّ أَلَا أُعَلِّمُكَ كَلِمَاتٍ تُدرك بِهِنَّ مَنْ سَبَقَكَ وَلَا يَلْحَقُكَ مَنْ خَلْفَكَ إِلَّا مَنْ أَخَذَ بِمِثْلِ عَمَلِكَ)؟ قَالَ: بَلَى رَسُولَ اللَّهِ قَالَ: (تُكبر اللَّهَ دُبُرَ كُلِّ صَلَاةٍ ثَلَاثًا وَثَلَاثِينَ وَتُحَمِّدُهُ ثَلَاثًا وَثَلَاثِينَ وَتُسَبِّحُهُ ثَلَاثًا وَثَلَاثِينَ وَتَخْتِمُهَا بِلَا إِلَهَ إِلَّا اللَّهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ وَهُوَ عَلَى كُلِّ شيء قدير)
صحيح ـ ((صحيح أبي داود)) (1348)

বাংলা

২০১২. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “একবার গরীব লোকেরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে এসে বলেন, “সম্পদশালী লোকেরা তো সাওয়াব সব নিয়ে নিলো; আমরা যেভাবে সালাত আদায় করি, তারাও সেভাবে সালাত আদায় করেন, আমরা যেমন সিয়াম পালন করি, তারাও তদ্রুপ সিয়াম পালন করেন! তাদের অতিরিক্ত সম্পদ রয়েছে, তা দিয়ে তারা সাদাকাহ করেন (যা আমরা করতে পারি না)! রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “হে আবূ যার, আমি কি তোমাকে এমন কিছু বাক্যের সন্ধান দিবো না, যার মাধ্যমে তুমি তোমার চেয়ে অগ্রগামী ব্যক্তিদের পর্যন্ত পৌঁছতে পারবে আর তোমার পিছনের

লোকেরা তোমার পর্যন্ত পৌঁছতে পারবে না তবে সেই ব্যক্তি ছাড়া যে তোমার মতো আমল করে। (আমলটি হলো) তুমি প্রত্যেক সালাতের পর ৩৩ বার আল্লাহু আকবার, ৩৩ বার আলহামদু লিল্লাহ ও ৩৩ বার সুবহানাল্লাহ বলবে।আর এই বাক্যগুলো বলার শেষে বলবে, لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ وَهُوَ عَلَى كُلِّ شيء قدير (আল্লাহ ছাড়া প্রকৃত কোন মা'বূদ নেই, তিনি এক, তাঁর কোন শরীক নেই, তাঁর জন্যই সকল রাজত্ব, তাঁর জন্যই সমস্ত প্রশংসা, তিনি সর্ববিষয়ে ক্ষমতাবান)।"[1]

## ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ৭৪৯; নাসাঈ, আমালুল ইয়াওমি ওয়াল লাইলাহ: ১৪৬; সহীহ আল বুখারী: ৮৪৩; সহীহ মুসলিম: ৫৯৫; আবূ আওয়ানা: ২/২৪৮; সুনান বাইহাকী: ২/১৮৬; বাগাবী, শারহুস সুন্নাহ: ৭২০।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আল কালিমুত তয়্যিব: ১১০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91330

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন